

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 13-06-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আহমেদাবাদে লন্ডনগামী এয়ার ইন্ডিয়া বিমানের দুর্ভাগ্যজনক দুর্ঘটনা নিয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠক করেন। বৈঠকে উপস্থিত ছিলেন গুজরাটের মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র প্যাটেল। এতে দুর্ঘটনার বিস্তারিত বিষয়ে আলোচনা করে দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের উদ্ধার কাজ এবং ত্রানের ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশও প্রদান করা হয়। কেন্দ্রীয় মন্ত্রী সি আর পাটিল, কে রামমোহন নাইডু এবং কেন্দ্রীয় প্রতিমন্ত্রী মুরলিধর মোহলও বৈঠকে অংশ গ্রহণ করেন। ত্রাণ ও উদ্ধার কাজের পাশাপাশি স্বাস্থ্য সংক্রান্ত পরিশেষায় নিয়োজিত কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন মন্ত্রক ও দপ্তরের পক্ষ থেকে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে অবহিত করা হয়। ঋতিগ্রস্ত পরিবারগুলিকে প্রয়োজনীয় সহায়তার ব্যাপারেও নির্দেশ প্রদান করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী।

এদিকে, দুর্ঘটনাস্থল পরিদর্শন করে তিনি জানিয়েছেন, গুজরাটেই প্রায় ১ হাজার ডি.এন.এ পরীক্ষার প্রয়োজন পড়বে। দুর্ঘটনায় আহতদের অবস্থা খতিয়ে দেখতে হাসপাতাল পরিদর্শন করেছেন বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন। এই মর্মান্তিক দুর্ঘটনার তদন্ত প্রক্রিয়া শেষ হলে হতাহতদের সরকারী সংখ্যা প্রকাশ করা হবে বলে তিনি জানান। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী হাসপাতালগুলোতে গিয়ে আহতদের চিকিৎসার বিষয়েও খোঁজ খবর নেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সহ সমগ্র দেশ এই মর্মান্তিক দুর্ঘটনার গভীরভাবে শোকে নিমজ্জিত রয়েছে। এই দুর্ঘটনায় আহতদের চিকিৎসা পরিশেষায় ৪৫ জন চিকিৎসক সহ উদ্ধারকাজে দুটি SDRF ও ২টি NDRF দল কাজ করে চলেছে। এই ঘটনার তদন্ত শুরু করেছে এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া AAI.

\*\*\*\*\*

### **CM-Khowai :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল খোয়াই জেলায় মোট আটটি প্রকল্পের উদ্বোধন করেন। তিনি বাইজাল বাড়ি নতুন থানা ও বাইজালবাড়ি জনজাতি বালক ছাত্রাবাসের উদ্বোধন করেন। তাছাড়া বাইজালবাড়ি স্কুল মাঠে আয়োজিত অনুষ্ঠান থেকে তিনি ভারুয়ালভাবে মুঙ্গিয়াকামি, তেলিয়ামুড়া এবং তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের পাবলিক হেলথ ইউনিট, ধলাবিল পঞ্চায়েত রিসোর্স সেন্টার, তেলিয়ামুড়া ব্লক কার্যালয়ের সম্প্রসারিত নতুন ভবন এবং মেথরাই রিয়াং বাড়ি হাইস্কুলের নতুন ভবনের উদ্বোধন করেন।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যে কাজ করছে। রাজ্যে গৃহিত উন্নয়নমূলক প্রকল্প সম্পর্কে তিনি বিস্তারিত উল্লেখ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন জনজাতি মন্ত্রী বিকাশ দেববর্মা, বিধায়ক রঞ্জিত দেববর্মা।

\*\*\*\*\*

### **TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৫ সালের মাধ্যমিক এবং উচ্চতর মাধ্যমিক পরীক্ষার চূড়ান্ত মেধাতালিকা আজ দুপুর ১২টায় প্রকাশ করা হবে। পর্ষদ সচিব ড: দুলাল দে এ খবর জানিয়েছেন।

\*\*\*\*\*

### **Kharchi-Press Meet :**

আগামী তেসরা জুলাই থেকে খয়েরপুরে চতুর্দশ দেবতা মন্দির প্রাঙ্গণে রাজ্যের ঐতিহ্যবাহী খার্চি পূজা - মেলা ও প্রদর্শনী শুরু হবে। সাত দিন ব্যাপী এই মেলা চলবে আগামী ৯ই জুলাই পর্যন্ত। গতকাল পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে মেলা কমিটির চেয়ারম্যান তথা বিধায়ক রতন চক্রবর্তী একথা জানিয়েছেন। তিনি জানান,

তেসরা জুলাই সকাল ১১টায় মেলার উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। আগামী ৯ জুলাই মেলার সমাপ্তি দিনে উপস্থিত থাকবেন রাজ্যের সাংসদ বিপ্লব কুমার দেব ও রাজীব ভট্টাচার্য।

\*\*\*\*\*

### **Vikshit krishi sankalpa abhiyan :**

১৫ দিন ব্যাপী বিকশিত কৃষি সংকল্প অভিযানের আজ আনুষ্ঠানিক সমাপ্তি অনুষ্ঠান হবে নাগিছড়ায় স্টেট হার্টিকালচার রিসার্চ সেন্টারে। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কৃষিমন্ত্রী রতন লাল নাথ। কৃষি দপ্তর সূত্রে জানানো হয়েছে, রাজ্যের ৮৬৪টি গ্রামের প্রায় ১ লক্ষ ৭২ হাজার কৃষক এই অভিযানে অংশগ্রহণ করেছেন। এই কর্মসূচির মাধ্যমে কৃষকদের আধুনিক ও সুস্থায়ী কৃষিপ্রযুক্তি, কৃত্রিম বুদ্ধিমত্তা, ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারে উৎসাহ প্রদান করা হয়েছে।

\*\*\*\*\*

### **Lop Condolence :**

আহমেদাবাদের বিমান দুর্ঘটনায় নিহতদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা ও পরিজনদের সমবেদনা জানিয়েছেন রাজ্যের বিরোধী দলনেতা ও সিপিআইএম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী। ঘটনায় দুঃখ প্রকাশ করে দুর্ঘটনার সঠিক কারণ খুঁজে বের করতে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানান।

এদিকে, বিরোধী দলনেতা সার্কুমের প্রবীণ নাগরিক ও সাংবাদিক সুকান্ত দাসের বাবা সাধন দাসের মৃত্যুতে গভীর শোক ব্যক্ত করেন।

\*\*\*\*\*

### **Second Division :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় মৌচাক ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় মৌচাক ক্লাব ৪-২ গোলে স্কাইলার্ক ক্লাবকে পরাজিত করে।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যের কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৬ ডিগ্রি এবং সর্বনিম্ন তাপমাত্রা ২৭ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। সকাল সাড়ে ৬টা পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ ৭.৮ মিলিমিটার।

\*\*\*\*\*